**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরার চা শিল্পের উন্নয়নে কৃষি মহাবিদ্যালয়ে গবেষনাগার খোলার জন্য প্রস্তাব রেখেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আইন শৃঙ্খলা রক্ষায় সরকার রাজ্যের আরক্ষা বাহিনীকে সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করার অধিকার দিয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত কেবল আধ্যাত্মিক সাধনা ও উপাসনারই পবিত্র ভূমি নয় বরং ভারত সাহস, শক্তি এবং সর্বজনীন কল্যাণেরও পীঠস্থান।**

**(৪) আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে আগামীকাল সকালে আগরতলায় একটি ম্যারাথন বা ওয়াকাথনের আয়োজন করা হবে।**

********************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরার চা শি্ল্পের উন্নয়নে কৃষি মহাবিদ্যালয়ে গবেষনাগার খোলার জন্য প্রস্তাব রেখেছেন। আজ লেম্বুছড়ায় কৃষি মহাবিদ্যালয়ে আন্তর্জাতিক চা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এই প্রস্তাব রাখেন। আন্তর্জাতিক চা দিবস উদযাপন প্রসঙ্গে তিনি বলেন, চা শিল্পের সঙ্গে যুক্ত সম্প্রদায়গুলিকে আজ সম্মান জানানোর দিন। এই বছরের ভাবনা হল "চা বজায় রাখা, সম্প্রদায়গুলিকে সমর্থন করা" যা ত্রিপুরার জন্য আরো প্রাসঙ্গিক হতে পারে। রাজ্যপাল রাজ্যের চা শ্রমিক পরিবারগুলোর জন্য প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর, আয়ুষ্মান ভারত প্রভৃতি প্রকল্পের সুবিধা সম্প্রসারন, চা শ্রমিক পরিবারের ছেলেমেয়েদের জন্য

কস্তুরবা গান্ধী বিদ্যালয়, নবোদয় বিদ্যালয়, একলব্য আবাসিক স্কুলে সুযোগ করে দেওয়ার উপর গুরুত্ব দেন।

অনুষ্ঠানে ভারতীয় চা পর্ষদের নির্বাহী অধিকর্তা অনুরিমা ফুকন যাদব বলেন, চা উৎপাদনে ত্রিপুরা দেশে গুরুত্বপূর্ণ স্থানে রয়েছে। প্রতি বছর ত্রিপুরায় প্রায় দশ লক্ষ কেজি চা উৎপাদন হয়। রাজ্যে প্রায় ৯ হাজার হেক্টর জুড়ে চা বাগান রয়েছে। সেখানে ১০ হাজার চা শ্রমিক কাজ করেন। অনুষ্ঠানে ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ বলেন, রাজ্যে খুব শীঘ্রই চাপাতা নিলাম কেন্দ্র আগরতলা টি অকশন সেন্টারের উদ্বোধন করা হবে।

***************************

**Poshan Pakhwada-Sepahijala :**

জেলা প্রশাসন ও জেলা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আজ সিপাহীজলা জেলাশাসক অফিসে পোষণ পক্ষ উপলক্ষ্যে স্বাস্থ্যকর শিশু প্রদর্শনী এবং পুষ্টিকর খাবার উৎসবের আয়োজন করা হয়। উদ্বোধন করেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল। তিনি বলেন, শিশুদের সঠিক শারীরিক ও মানসিক বিকাশের ক্ষেত্রে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যেই এই অনুষ্ঠানের আয়োজন। তিনি অভিভাবকদের প্রতি আবেদন রাখেন প্যাকেটজাত শিশু খাদ্য পরিহার করে ঘরে মায়ের হাতে তৈরী পুষ্টিগুণ সম্পন্ন খাদ্য শিশুদের খাওয়ানো ও জন্মের ৬ মাস বয়স পর্যন্ত মায়ের দুধ শিশুদের প্রদান করার জন্য। তাছাড়া বর্তমান সময়ে শিশুদের মোবাইল আসক্তি থেকে দূরে রাখার পরামর্শ দেন।

***************************

**CM-Passing Out Parade :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আইন শৃঙ্খলা রক্ষায় সরকার রাজ্যের আরক্ষা বাহিনীকে সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করার অধিকার

দিয়েছে। আজ নরসিংগড়স্থিত কে.টি.ডি.এস. পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে ৯১তম ও ৯২তম ব্যাচে নিয়োগপ্রাপ্ত ৪৭৬ জন পুলিশ কনস্টেবলদের পাসিং আউট প্যারেড অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, আরক্ষা বাহিনীকে আরও দক্ষ করে তুলতে নানা বাস্তবভিত্তিক ও প্রযুক্তিগত প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সরকারের লক্ষ্য দক্ষ, সেবাপরায়ণ, মানবিক এক শক্তিশালী আরক্ষা বাহিনী গড়ে তোলা।

মুখ্যমন্ত্রী বলেন, আজ পাসিং আউট হওয়া কনস্টেবলদের ৪৭৬ জনের মধ্যে ৩১৮ জনই মহিলা। একটা বড় অংশই নারী, যা রাজ্যের গর্বের বিষয়। নারীদের ক্ষমতায়নে রাজ্য সরকারের সদিচ্ছার ফলেই আজ আরক্ষা বাহিনীতেও নারীরা যোগদানে বেশি সুযোগ পাচ্ছেন। রাজ্যের নারীরা আরক্ষা বাহিনীতে যোগ দিয়ে সততা ও সাহসিকতার মধ্যে কাজ করে তাদের দক্ষতার পরিচয় দিচ্ছেন। রাজ্য সরকার আরক্ষা বাহিনীতে আরও ১,১৩৪ জন নিয়োগ করবে।

মুখ্যমন্ত্রী বলেন, আরক্ষা বাহিনীতে নিয়োগপ্রাপ্ত নতুনদের মনে রাখতে হবে পুলিশের পোশাক শুধু কর্মক্ষেত্রে নয়। এই পোশাক ধারণকারীকে দায়িত্ববোধ, শৃঙ্খলা, সততা ও সাহসিকতার পরিচয় বহন করে সমাজে আস্থা অর্জন করে নিতে হবে। নিষ্ঠা, সাহস, সততা ও মানবিক প্রয়াসে নিজেকে দক্ষ পুলিশ হিসেবে গড়ে তুলতে হবে। নিয়োগপ্রাপ্ত কনস্টেবলদের শপথ বাক্য পাঠ করান কে.টি.ডি.এস, পুলিশ ট্রেনিং একাডেমির অধ্যক্ষ জয়ন্ত চক্রবর্তী। অনুষ্ঠানে আরক্ষা বাহিনীর জওয়ানগণ প্যারেডের মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অভিবাদন জানান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ।

*************************

**BJP :**

বিজেপি'র উদ্যোগে দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাভিযানের অঙ্গ হিসাবে আজ থেকে খয়েরপুর পল্লীমঙ্গল দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে শুরু হয়েছে দু'দিনব্যাপী মন্ডল প্রশিক্ষণ বর্গ। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী,

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, মন্ডল সভাপতি রাজেশ ভৌমিক প্রমুখ।

পূর্ব মজলিশপুর মন্ডল এর উদ্যোগে বীরেন্দ্র নগর স্কুলে অনুষ্ঠিত মন্ডল প্রশিক্ষণ বর্গে উপস্থিত ছিলেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, মেয়র দীপক মজুমদার, মন্ডল সভাপতি রনজিত রায় চৌধুরী প্রমুখ।

চন্ডীপুর মন্ডল প্রশিক্ষণবর্গ আজ থেকে কৈলাশহরের কাউলিকুড়াস্থিত বি.এম স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে শুরু হয়েছে। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল, BJP'র ঊনকোটি জেলা সভাপতি বিমল কর, মন্ডল সভাপতি পিন্টু ঘোষ প্রমুখ।

*****************************

**Detain of Drugs :**

আসাম রাইফেলস ও কাস্টমস গতকাল আগরতলা রেলস্টেশনে যৌথ অভিযান চালিয়ে ১৮০ গ্রাম মর্ফিন বাজেয়াপ্ত করা হয়েছে। যার আনুমানিক বাজারমূল্য প্রায় ১৮ লক্ষ টাকা। এই ঘটনায় এক ব্যক্তিকে আটক করা হয়েছে। আসাম রাইফেলসের জন সংযোগ আধিকারিক আজ এখবর জানিয়েছেন।

***************************

**Rajib Gandhi–Congress :**

প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর প্রয়াণ দিবস আজ রাজ্যও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপন করা হয়। আগরতলা প্রদেশ কংগ্রেস ভবনে রাজীব গান্ধীর প্রতি শ্রদ্ধা জানান কংগ্রেস বিধায়ক গোপাল চন্দ্র রায় সহ অন্যান্য নেতৃবৃন্দ। পরে তারা শহিদ বেদীতে গিয়ে শ্রদ্ধা জানান।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, ভারত কেবল আধ্যাত্মিক সাধনা ও উপাসনারই পবিত্র ভূমি নয়, বরং ভারত সাহস, শক্তি এবং সর্বজনীন কল্যাণেরও পীঠস্থান। সামাজিক মাধ্যমের এক পোস্টে সংস্কৃত সুভাষিতম থেকে একটি শ্লোক শেয়ার করে তিনি বলেন মহান ঐতিহ্য ও প্রাচীন সংস্কৃতির এই পবিত্র ভূমি যেন সর্বদা সকলকে সুখ ও সমৃদ্ধিতে পরিপূর্ণ রাখে।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra

Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*****************************

**Marathon/Walkathon :**

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে আগামীকাল আগরতলায় একটি ম্যারাথন বা ওয়াকাথনের আয়োজন করা হবে। আগামীকাল সকাল ৬টা থেকে এই প্রতিযোগিতা শুরু হবে বলে আকাশবাণী আগরতলার পক্ষে জানানো হয়েছে। দীর্ঘ নয় দশকের গৌরবময় পথচলা, জনসেবামূলক সম্প্রচার এবং শ্রোতাদের সঙ্গে নিবিড় সম্পর্ককে স্মরণীয় করে তুলতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে গত ১৫ই মে আগরতলা সুকান্ত অ্যাকাডেমি হলে শাস্ত্রীয় সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

***************************

**Unorganised Worker-Congress :**

শ্রম কোড বাতিলসহ শ্রমিক স্বার্থ সংশ্লিষ্ট একাধিক দাবিকে সামনে রেখে আজ আগরতলার সখীচরণ বিদ্যানিকেতনে অল ত্রিপুরা অসংগঠিত শ্রমিক কংগ্রেসের রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে শ্রমিকদের বিভিন্ন সমস্যা ও অধিকার নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন কংগ্রেস বিধায়ক গোপাল চন্দ্র রায়, অল ত্রিপুরা অসংগঠিত শ্রমিক কংগ্রেসের রাজ্য সভাপতি শান্তনু পাল।

***************************

**DGHS :**

ডিরেক্টর জেনারেল অফ হেলথ সার্ভিসেস, ইবোলা সংক্রমিত দেশ থেকে আসা বা সেসব দেশের মাধ্যমে ভ্রমণ করা যাত্রীদের জন্য বিশেষ নির্দেশিকা জারি করেছে। নির্দেশিকায় বলা হয়েছে, কঙ্গো, উগান্ডা এবং দক্ষিণ সুদান থেকে আসা কোনো যাত্রীর মধ্যে যদি জ্বর, মাথাব্যথা, পেশিতে ব্যথা বা খিঁচুনি, অকারণ রক্তপাত কিংবা বমির মতো উপসর্গ দেখা দেয়, তবে তাঁকে অবিলম্বে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে। তাছাড়া ইবোলা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এলে যাত্রীদের সঙ্গে সঙ্গে বিমানবন্দর কর্তৃপক্ষ বা হেল্প ডেস্কে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয়েছে। ডি.জি.এইচ.এস আরো জানিয়েছে, দেশে আসার পর ২১ দিনের মধ্যে এই ধরনের কোনো উপসর্গ দেখা দিলে যাত্রীদের তাদের ভ্রমণ সংক্রান্ত তথ্য স্বাস্থ্য কর্তৃপক্ষকে জানিয়ে দ্রুত চিকিৎসা গ্রহণ করতে হবে।

****************************

**State-wise Under-13 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ ৬টি খেলা হয়। রানীরবাজার মাঠে সোনামুড়া ৫৫ রানে তেলিয়ামুড়াকে, উদয়পুর মাঠে খোয়াই ৮ উইকেটে কাঞ্চনপুরকে, মেলাঘর মাঠে সদর বি দল ৭ উইকেটে বিশালগড়কে, কৈলাসহর মাঠে ধর্মনগর ৬৪ রানে লংতরাই ভ্যালিকে, শান্তিরবাজারের মাঠে বিলোনিয়া ৪ উইকেটে সাব্রুমকে এবং বিলোনিয়ার মাঠে উদয়পুর ৩ উইকেটে অমরপুরকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, উত্তর, ধলাই, ঊনকোটি, খোয়াই ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন

২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৫.৮ মিলিমিটার।

***************************